গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৯০/২০১৯-২০২০
ঢাকা ১৮ মার্চ বুধবার ২০২০, ৪ চৈত্র ১৪২৬

১। বর্ণাঢ্য আয়োজনে মুজিববর্ষের আনুষ্ঠানিক উদ্বোধন
২। গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
৩। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতির উদ্দেশে রাষ্ট্রপতির ভাষণ :
সোনার বাংলা গড়াই হোক মুজিববর্ষের অঙ্গীকার
৪। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতির উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ :
'আমরা জেগে রইব তোমার আদর্শ বুকে নিয়ে'
৫। মুজিববর্ষে দেশবাসীকে শেখ রেহানার শুভেচ্ছা
৬। বঙ্গবন্ধু সবার জন্য অনেক বড় প্রেরণা : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি
৭। মুজিববর্ষ উপলক্ষে বিশ্ব নেতৃবৃন্দের ভিডিওবার্তা
৮। জাতির পিতার জন্মশতবার্ষিকীতে রাষ্ট্রপতিকে শুভেচ্ছাবার্তা সংবলিত পোস্ট কার্ড পাঠালেন প্রধানমন্ত্রী
পাঁচ কোটি পরিবারের হাতে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা সংবলিত পোস্ট কার্ড বিতরণ
৯। মুজিববর্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত
২০০ টাকার নোট ও স্মারক মুদ্রা উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী
১০। মুজিববর্ষ উপলক্ষে সংসদ ভবনে বৃক্ষরোপণের উদ্বোধন করলেন স্পিকার
শিক্ষা মন্ত্রণালয় সারাদেশে ২ কোটি বৃক্ষরোপণ করবে
১১। বঙ্গবন্ধুর নাম মুছে ফেলার ষড়যন্ত্রকারীরা রাজনীতিতে টিকে থাকবে না : সেতুমন্ত্রী
১২। হত্যাকাণ্ডে জড়িত বলে মুজিববর্ষে কর্মসূচি রাখেনি বিএনপি : তথ্যমন্ত্রী
১৩। যথাযথ মর্যাদায় বিদেশে বাংলাদেশের দূতাবাসগুলোতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপিত
১৪। মুজিববর্ষে কলকাতায় বঙ্গবন্ধু ম্যুরাল উদ্বোধন
১৫। সম্মিলিত প্রচেষ্টায় করোনাভাইরাস নিয়ন্ত্রণ হবে : স্বাস্থ্যমন্ত্রী
১৬। দেশে আরো দুই করোনা আক্রান্ত রোগী শনাক্ত : আইইডিসিআর
১৭। করোনা থেকে সুরক্ষায় সরকার যথেষ্ট পদক্ষেপ নিয়েছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
১৮। করোনাভাইরাসের কারণে আতঙ্কিত হয়ে অতিরিক্ত পণ্য কেনার প্রয়োজন নেই : বাণিজ্যমন্ত্রী
১৯। করোনা মোকাবিলায় সব বাণিজ্য মেলা বন্ধ
২০। রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার পাচ্ছে ১৯ প্রতিষ্ঠান

১। **বর্ণাঢ্য আয়োজনে মুজিববর্ষের আনুষ্ঠানিক উদ্বোধন**

মুক্তির মহানায়কের জন্মশতবর্ষে নানা আয়োজন-আনুষ্ঠানিকতায় শ্রদ্ধা জানাল পুরো জাতি। করোনাভাইরাসের সংক্রমণ এড়াতে জনসমাগম কমিয়ে সোহরাওয়ার্দী উদ্যানে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত মুজিববর্ষের মূল অনুষ্ঠান প্রচারিত হয়েছে দেশের সব টিভি চ্যানেল ও সামাজিক যোগাযোগমাধ্যমে। 'মুক্তির মহানায়ক' শিরোনামের দুই ঘণ্টার অনুষ্ঠানটি শুরু হয় বঙ্গবন্ধুর জন্মক্ষণ রাত ৮টায়। ধানমন্ডির রবীন্দ্রসরোবর ও হাতিরঝিলেও চলে অনুষ্ঠান। মনোমুগ্ধকর পরিবেশনায় সাজানো অনুষ্ঠানে উপস্থাপিত হয়েছে জাতির পিতার জীবনের আদর্শ, সংগ্রাম ও আত্মত্যাগের অধ্যায়। অনুষ্ঠানটির আয়োজন করে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি। রাত ৮টায় বঙ্গবন্ধুর জন্মক্ষণে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ থেকে আতশবাজি দিয়ে শুরু হয় অনুষ্ঠান। আতশবাজির পর্বটি সরাসরি সম্প্রচারিত হয়েছে। প্রধানমন্ত্রীর ভাষণের পর শত কণ্ঠে গাওয়া হয় মুজিববর্ষের থিম সংগীত 'তুমি বাংলার ধ্রুবতারা/ তুমি হৃদয়ের বাতিঘর'। এ গানে দেশের প্রথিতযশা শিল্পীদের সঙ্গে কণ্ঠ মেলান বঙ্গবন্ধুর কন্যা শেখ রেহানা। এছাড়া অনুষ্ঠানে পিতাকে নিয়ে শেখ রেহানার লেখা কবিতা আবৃত্তি করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**
**ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জানান তাঁরা। প্রথমে রাষ্ট্রপতি এবং পরে প্রধানমন্ত্রী জাতির পিতার সমাধিসৌধের বেদিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। শ্রদ্ধাঞ্জলি অর্পণের পর স্বাধীনতার এ মহান স্থপতির প্রতি শ্রদ্ধা নিবেদনের অংশ হিসেবে তাঁরা সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। এ সময় বিউগলে করুণ সুর বাজানো হয়। সশস্ত্র বাহিনীর একটি সুসজ্জিত চৌকস দল গার্ড অভ অনার প্রদান করে। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ফাতেহা পাঠ করেন এবং জাতির পিতা ও '৭৫-এর ১৫ আগস্ট শহিদদের আত্মার শান্তি চেয়ে বিশেষ মোনাজাতে শরিক হন। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা পরে দলের জ্যেষ্ঠ নেতাদের নিয়ে দলের পক্ষ থেকে জাতির পিতার সমাধিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী সমাধি প্রাঙ্গণে মিলাদ ও দোয়া মাহফিলে অংশ নেন। গতকাল সকালে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের পরপরই প্রধানমন্ত্রী সরাসরি জাতির পিতার সমাধিসৌধ টুঙ্গিপাড়ায় আসেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৩। **বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতির উদ্দেশে রাষ্ট্রপতির ভাষণ :**
**সোনার বাংলা গড়াই হোক মুজিববর্ষের অঙ্গীকার**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নীতি ও আদর্শে উদ্বুদ্ধ হয়ে এ মাটির নতুন প্রজন্মের মধ্যে সাহসী ও ত্যাগী নতুন নেতৃত্ব গড়ে উঠবে বলে আশা প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেছেন, মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ সম্পাদনের মাধ্যমে দেশকে সোনার বাংলায় পরিণত করাই হোক মুজিববর্ষে সবার অঙ্গীকার। বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে পড়ুক প্রজন্ম থেকে প্রজন্মে। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বছরজুড়ে মুজিববর্ষের আয়োজনের উদ্বোধনে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এ প্রত্যাশার কথা বলেন রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১),**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৪। **বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতির উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ :**
**'আমরা জেগে রইব তোমার আদর্শ বুকে নিয়ে'**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে তাঁর আদর্শ ধারণ করে বাংলাদেশকে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আমরা জেগে রইব তোমার আদর্শ বুকে নিয়ে। জেগে থাকবে এ দেশের মানুষ, প্রজন্মের পর প্রজন্ম, তোমার স্বপ্নের সোনার বাংলাদেশে। তোমার দেওয়া পতাকা সমুন্নত থাকবে চিরদিন। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) জাতির পিতার জন্মশতবার্ষিকী-মুজিববর্ষ উপলক্ষে বছরব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন করে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এসব কথা বলেন বঙ্গবন্ধুকন্যা। নিজের এবং বোন শেখ রেহানার পক্ষ থেকে সবাইকে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে শেখ হাসিনার শুরু করা এ ভাষণে জাতির পিতার শৈশব এবং সংগ্রামী রাজনৈতিক জীবনের কথা তুলে ধরা হয়। সূত্র- **সমকাল** (পৃ.১,ক.৩) , **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৫। মুজিববর্ষে দেশবাসীকে শেখ রেহানার শুভেচ্ছা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ কন্যা শেখ রেহানা মুজিববর্ষে দেশবাসীকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু কোনো অন্যায়ের কাছে মাথানত করেননি। লোভ-লালসা, ভোগ-বিলাস থেকে নিজেকে দূরে রেখেছেন, করেননি আপোস। মানবকল্যাণই ছিল তাঁর ধ্যান-ধারণা, বিশ্বাসে-নিঃশ্বাসে। এমন মানুষ পৃথিবীতে খুব কমই আসেন। আসলেও তাঁরা ক্ষণস্থায়ী হন। আমার বাবা আমাদের মাঝে নেই। তিনি আছেন কোটি মানুষের হৃদয়ে। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) বঙ্গাবন্ধুর জন্মক্ষণ রাত ৮টায় শুরু হওয়া জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন বাস্তবায়ন জাতীয় কমিটি আয়োজিত মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যে শেখ রেহানা এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮),**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**৬। বঙ্গাবন্ধু সবার জন্য অনেক বড় প্রেরণা : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি**

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশকে অভিনন্দন জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) সরকারি বাসভবন থেকে ভিডিওবার্তায় এ অভিনন্দন জানান তিনি। ভারতের প্রধানমন্ত্রী বলেন, বঙ্গাবন্ধু গত শতাব্দীর মহান ব্যক্তিত্বদের মধ্যে অন্যতম। তাঁর সমগ্র জীবন সবার জন্য অনেক বড় প্রেরণা। বঙ্গাবন্ধু মানে একজন সাহসী নেতা, একজন দৃঢ়চেতা মানুষ, একজন ঋষিতুল্য শান্তিদূত, একজন ন্যায়, সাম্য ও মর্যাদার রক্ষাকর্তা, একজন পাশবিকতাবিরোধী এবং যে কোনো জোর-জুলুমের বিরুদ্ধে একজন ঢাল। তাঁর এ গুণাবলি সে সময় লাখ লাখ তরুণকে বাংলাদেশের মুক্তির জন্য সমস্ত প্রতিকূলতার মুখোমুখি হতে নতুন শক্তি দিয়েছিল। আজ আমার খুব ভালো লাগে, যখন দেখি বাংলাদেশের মানুষ তাদের প্রিয় দেশকে বঙ্গাবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় রূপান্তর করার জন্য দিন-রাত কাজ করে চলেছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৭। মুজিববর্ষ উপলক্ষে বিশ্ব নেতৃবৃন্দের ভিডিওবার্তা**

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানে ভিডিওবার্তা দিয়েছেন বিশ্ব নেতৃবৃন্দ। বার্তায় তাঁরা মুজিববর্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তাঁদের বক্তব্যে উঠে এসেছে বঙ্গাবন্ধুর জয়গান, তাঁর জীবন ও কর্মের ভূয়সী প্রশংসা। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ছাড়াও ভিডিওবার্তা পাঠিয়েছেন নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারি, ভুটানের প্রধানমন্ত্রী লোটে শেরিং, জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং ওআইসির মহাসচিব ইউসুফ বিন আহমেদ আল ওথাইমান। এছাড়া শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে টুইটবার্তায় বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। এদিকে মুজিববর্ষ উপলক্ষে ভারতের ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ফোন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৮। জাতির পিতার জন্মশতবার্ষিকীতে রাষ্ট্রপতিকে শুভেচ্ছাবার্তা সংবলিত পোস্ট কার্ড পাঠালেন প্রধানমন্ত্রী**
**পাঁচ কোটি পরিবারের হাতে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা সংবলিত পোস্ট কার্ড বিতরণ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেরিত একটি স্মারক পোস্ট কার্ড পেয়েছেন। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার রাষ্ট্রপতির কাছে আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বাক্ষরিত একটি শুভেচ্ছা পত্র এবং 'মুজিব ১০০ বছর' লোগোসহ পোস্ট কার্ডটি হস্তান্তর করেন। এছাড়া প্রধানমন্ত্রী স্বাক্ষরিত শুভেচ্ছা বাণী সংবলিত এ পোস্টকার্ড ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের উদ্যোগে ডাক বিভাগ দেশের পাঁচ কোটি পরিবারের হাতে পৌঁছে দেবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫),

**৯। মুজিববর্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত**
**২০০ টাকার নোট ও স্মারক মুদ্রা উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

জাতির পিতার জন্মশতবার্ষিকীতে একটি স্মারক ডাকটিকিট অবমুক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) গণভবনে প্রধানমন্ত্রী এ ডাকটিকিট অবমুক্ত করেন। ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার এ সময় উপস্থিত ছিলেন। এছাড়া আজ ১৮ মার্চ বুধবার থেকে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসসহ অন্য শাখা অফিসগুলোতে পাওয়া যাবে ২০০ টাকার নোট। মুজিববর্ষ উদযাপন উপলক্ষে প্রথমবারের মতো ২০০ টাকা মূল্যমান প্রচলনযোগ্য স্মারক ব্যাংক নোট বাজারে ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। নতুন ২০০ টাকার নোট ও স্মারক মুদ্রাও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

**১০। মুজিববর্ষ উপলক্ষে সংসদ ভবনে বৃক্ষরোপণের উদ্বোধন করলেন স্পিকার**
**শিক্ষা মন্ত্রণালয় সারাদেশে ২ কোটি বৃক্ষরোপণ করবে**

মুজিববর্ষ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় সারাদেশে ২ কোটি বৃক্ষরোপণ করবে। তারই অংশ হিসেবে গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) সারা দেশে ৩৩ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে ১০০টি করে করে মোট ৩৩ লাখ বৃক্ষরোপণ করেছে। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে গতকাল জাতীয় সংসদ ভবনে ১০০টি বৃক্ষরোপণ করা হয়। বৃক্ষরোপণের উদ্বোধন করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এ সময় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, মুজিববর্ষকে শুধু আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ রাখতে চায় না সরকার। এ বর্ষ উপলক্ষে ইতিবাচক কর্মসূচি নিতে তিনি সবার প্রতি আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

**১১। বঙ্গবন্ধুর নাম মুছে ফেলার ষড়যন্ত্রকারীরা রাজনীতিতে টিকে থাকবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, যারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম মুছে ফেলার ষড়যন্ত্র করেছে, তারা রাজনৈতিকভাবে নিশ্চিহ্ন হয়ে যাবে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউ এজ** (পৃ.১১,ক.৮)।

**১২। হত্যাকাণ্ডে জড়িত বলে মুজিববর্ষে কর্মসূচি রাখেনি বিএনপি : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর দিনে বিএনপির সুযোগ ছিল, জাতির কাছে ক্ষমা চেয়ে হত্যা-ষড়যন্ত্রের রাজনীতি থেকে বেরিয়ে আসার ঘোষণা দেওয়ার। কিন্তু দলটি তা করতে ব্যর্থ হয়েছে। বিএনপি বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের সঙ্গে যুক্ত ছিল বলে তারা জন্মশতবার্ষিকীতে কোনো কর্মসূচি রাখেনি। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (বিএফডিসি) প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**১৩। যথাযথ মর্যাদায় বিদেশে বাংলাদেশের দূতাবাসগুলোতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপিত**

যথাযথ মর্যাদায় বিদেশে বাংলাদেশের দূতাবাস নয়াদিল্লি, প্যারিস, ক্যানবেরা, রিয়াদ, সিঙ্গাপুর, হ্যানয়, কলম্বো, বেইজিং-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপিত হয়েছে। জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা এবং রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী পাঠের মধ্য দিয়ে জন্মশতবার্ষিকী উদযাপন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯, ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.৩, ক.১)।

**১৪। মুজিববর্ষে কলকাতায় বঙ্গবন্ধু ম্যুরাল উদ্বোধন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কলকাতায় উদ্বোধন করা হয়েছে বঙ্গবন্ধু ম্যুরালের। এতে ফুটিয়ে তোলা হয়েছে বঙ্গবন্ধুর জীবনের আন্দোলনের নানা কাহিনি। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের সামনে ঐ ম্যুরাল উন্মোচন ও মুজিববর্ষের আয়োজনের উদ্বোধন করেন পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় ও শোভন দেব চট্টোপাধ্যায়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১৫। সম্মিলিত প্রচেষ্টায় করোনাভাইরাস নিয়ন্ত্রণ হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক দেশে সম্মিলিত প্রচেষ্টায় করোনাভাইরাস নিয়ন্ত্রণ রাখার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, করোনাভাইরাস মোকাবিলায় জাতীয় থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত কমিটি গঠন করা হয়েছে। করোনাভাইরাসে কেউ আক্রান্ত হলে নিজেকে ঘরে আবদ্ধ করে ফেলার পরামর্শ দেন তিনি। বিদেশফেরতদের ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকা বাধ্যতামূলক উল্লেখ করে তিনি এ শর্ত সবাইকে মেনে চলার পরামর্শ দেন। অন্যথায় শর্ত অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন তিনি। স্থানীয় কমিটিকে বিদেশ ফেরতদের মনিটর করতে বলা হয়েছে বলে জানান তিনি। করোনা সংক্রমণ পরীক্ষার কিটস্বল্পতার অভিযোগ ভিত্তিহীন দাবি করে তিনি আরো বলেন, পর্যাপ্ত কিট মজুদ আছে। আরও কিট আমদানি করা হচ্ছে। সুতরাং ভয়ের কিছু নেই। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) ঢাকা শিশু হাসপাতালে শিশুদের টাইপ-১ ডায়াবেটিস কর্নার উদ্বোধনের পর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৭), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**১৬। দেশে আরো দুই করোনা আক্রান্ত রোগী শনাক্ত : আইইডিসিআর**

দেশে আরো দুই জনের মধ্যে করোনা ভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে, যাদের একজন হাসপাতালে কোয়ারেন্টাইনে ছিলেন, অন্যজন বিদেশফেরত একজনের সংস্পর্শে এসে আক্রান্ত হয়েছেন। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা এ তথ্য জানিয়ে বলেন, এ নিয়ে বাংলাদেশে মোট ১০ জনের মধ্যে এ ভাইরাসের সংক্রমণ ধরা পড়ল, যাদের মধ্যে প্রথম দফায় আক্রান্ত তিন জন ইতোমধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন, হাসপাতালে ভর্তি আছেন সাত জন। এ মুহূর্তে দেশে ১৬ জন আইসোলেশনে আছেন এবং ৪৩ জন সরকারি ব্যবস্থাপনায় কোয়ারেন্টাইনে আছেন বলে জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১৭। করোনা থেকে সুরক্ষায় সরকার যথেষ্ট পদক্ষেপ নিয়েছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, করোনাভাইরাসের জন্য আমরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের আজকের আচার-অনুষ্ঠানকে অনেক ছোট করে নিয়ে এসেছি। এ ভাইরাস থেকে দেশের মানুষকে সুরক্ষায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার যথেষ্ট পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারের পদক্ষেপগুলোর পাশাপাশি আমাদের সর্বস্তরের জনগণের সতর্ক হতে হবে। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) সাড়ে ৮টায় চাঁদপুর কলেজ চত্বরে নির্মিত মুজিব স্মারকস্তম্ভ উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১০,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২)।

**১৮। করোনাভাইরাসের কারণে আতঙ্কিত হয়ে অতিরিক্ত পণ্য কেনার প্রয়োজন নেই : বাণিজ্যমন্ত্রী**

বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ সব ধরনের পণ্যের পর্যাপ্ত মজুদ ও সরবরাহ রয়েছে। মূল্যও স্বাভাবিক রয়েছে। করোনাভাইরাসের কারণে আতঙ্কিত হয়ে চাহিদার অতিরিক্ত পণ্য না কেনার জন্য জনগণকে এ আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেছেন, ভোক্তাদের অতিরিক্ত পণ্য মজুদের প্রয়োজন নেই। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) বাণিজ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫)।

**১৯। করোনা মোকাবিলায় সব বাণিজ্য মেলা বন্ধ**

করোনাভাইরাসের সংক্রমণ মোকাবিলায় দেশে সব ধরনের বাণিজ্য মেলা বন্ধ ঘোষণা করেছে বাণিজ্য মন্ত্রণালয়। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) বাণিজ্য মন্ত্রণালয়ের জনসংযোগ বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫)।

**২০। রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার পাচ্ছে ১৯ প্রতিষ্ঠান**

বেসরকারি খাতে শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিসহ সামগ্রিকভাবে অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১৯ প্রতিষ্ঠানকে দেওয়া হচ্ছে 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার-২০১৮'। ছয় ক্যাটাগরিতে এসব প্রতিষ্ঠানকে মনোনীত করা হয়েছে। পুরস্কারের জন্য ২০১৮ সালের মনোনীতদের তালিকা গত ১৬ মার্চ সোমবার গেজেট আকারে প্রকাশ করেছে শিল্প মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৬)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** গ্যাস সিলিন্ডার বিস্ফোরণজনিত ঘটনা ঘটেই চলেছে উল্লেখ করে দুর্ঘটনারোধে গ্যাস সিলিন্ডার উৎপাদন, বাজারজাত ও বিক্রয়ের সুষ্ঠু নীতিমালা গ্রহণের সুপারিশ ।

**খ.** **যায়যায়দিন** : দেশে আরও করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার তথ্য পাওয়া গেছে উল্লেখ করে করোনাভাইরাস প্রতিরোধের বিষয়টি সামনে রেখে সর্বোচ্চ সতর্কতার বিকল্প নেই বলে মতপ্রকাশ ।

**গ.** **সমকাল** : বিয়ের প্রস্তাবে না বলায় ময়মনসিংহের মুক্তাগাছায় যেভাবে মা-বাবাকে কুপিয়ে ছাত্রী তুলে নেওয়ার ঘটনা ঘটেছে তা অবিশ্বাস্য, উদ্বেগজনক ও নিন্দনীয় উল্লেখ করে ছাত্রীটিকে দ্রুত উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার পাশাপাশি অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবি।

**ঘ.** **বণিক বার্তা :** প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে বাংলাদেশ প্রায় শতভাগ অর্জনের কাছাছাছি পৌঁছে গেলেও তাদের অনেকেই প্রাথমিক শিক্ষা সমাপ্ত করতে পারেনা উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**ঙ.** **যুগান্তর :** বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর আরও চাপ সৃষ্টি করা উচিত, ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলারের এ মতামতকে আমলে নিয়ে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**চ.** **বাংলাদেশ টুডে** : দেশে ডায়াবেটিস রোগীর সংখ্যা বেড়ে গেছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, স্বাস্থ্যবিধি মেনে চললে, সাবধানতা অবলম্বন ও সচেতন হলে আমরা করোনাভাইরাসমুক্ত থাকতে পারব।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা